


কালের কণ্ঠ

আপডেট : ১৭ জুলাই, ২০১৮ ০১:৩৬

বাউবির এইচএসসির ফল প্রকাশ

 বাউবির এইচএসসির ফল প্রকাশ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) অধীনে ২০১৮ সালের এইচএসসি প্রগ্রামের প্রথম ও দ্বিতীয় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। দ্বিতীয় বর্ষের মোট ৭৬ হাজার ১৫৮ জন পরীক্ষার্থীর মধ্যে কৃতকার্য হয়েছে ৪১ হাজার ৮৩৪ জন। পাসের হার শতকরা ৫৪.৯৩ ভাগ। পরীক্ষার্থীদের মধ্যে ৫২৯ জন ‘এ’, তিন হাজার ৩৬৮ জন ‘এ মাইনাস’, ৯ হাজার ৮২৯ জন ‘বি’, ২২ হাজার ১৩৪ জন ‘সি’ ও পাঁচ হাজার ৯৭৪ জন ‘ডি’ গ্রেডে উত্তীর্ণ হয়েছে। তাদের মধ্যে ২৪ হাজার ৮০৬ জন ছাত্র ও ১৭ হাজার ২৮ জন ছাত্রী। একই সঙ্গে প্রথম বর্ষের ৬৭ হাজার ৩৭৪ জনের পরীক্ষার ফলও প্রকাশিত হয়েছে। পরীক্ষার্থীদের সিজিপিএ জানা যাবে bou.ac.bd থেকে। বিস্তারিত ফলাফল exam.bou.edu.bd থেকে জানা যাবে। এ ছাড়া এসএমএসের মাধ্যমে চূড়ান্ত ফল জানতে PvBGj bou<space>student ID (11 digits without any space, for example 13011810001) লিখে বাংলালিংক হলে ২৭০০ ও অন্য অপারেটর হলে ২৭৭৭ নম্বরে পাঠাতে হবে। বাউবির তথ্য ও গণসংযোগ বিভাগ গতকাল সোমবার এ তথ্য জানিয়েছে।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com